গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-২৩

**রাজশাহী জেলা প্রশাসক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের চ্যাম্পিয়ন দল মোহনপুর**

রাজশাহী, ০৬ শ্রাবণ (২১ জুলাই):

আজ সোমবার (২১ জুলাই) বিকালে রাজশাহী মুক্তিযুদ্ধ স্মৃতি স্টেডিয়ামে 'এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই' শ্লোগানে জেলা প্রশাসক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল অনুষ্ঠিত হয়। ফাইনালে নির্ধারিত সময়ে ১-১ গোলে ড্র হলে খেলা টাইব্রেকারে নিষ্পত্তি হয়। টাইব্রেকারে ৫-৪ গোলে মোহনপুর উপজেলা পুঠিয়া উপজেলাকে পরাজিত করে। পুঠিয়া দলের প্রণয় ম্যান অব দ্যা ফাইনাল নির্বাচিত হয়।

খেলা শেষে পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ।

প্রধান অতিথি বলেন, আমরা উভয় দলের খেলা দেখে আনন্দিত। চমৎকার খেলা হয়েছে, উভয় দলই হাড্ডাহাড্ডি লড়াই করেছে। দুই দলের খেলা ভালো হওয়ায় তিনি উভয় দলকেই বিজয়ী বলে উল্লেখ করেন।

জেলা প্রশাসক আফিয়া আখতারের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা করেন রাজশাহী রেঞ্জের ডিআইজি মোহাম্মদ শাহজাহান ও রাজশাহী মেট্রোপলিটন পুলিশ কমিশনার মোহাম্মদ আবু সুফিয়ান। অনুভূতি ব্যক্ত করেন পুঠিয়া ও মোহনপুর উপজেলা নির্বাহী অফিসারগণ। অন্যান্যের মধ্যে বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, গণমাধ্যম কর্মী এবং বিপুলসংখ্যক দর্শক উপস্থিত ছিলেন।

সভাপতির বক্তৃতায় জেলা প্রশাসক বলেন, আজকের খেলায় ফুটবল বিজয়ী হয়েছে। আমরা চাই ফুটবল ও ক্রিকেট জিতুক, মাদক ও দুষ্কৃতিকারীরা পরাজিত হোক।

অনুষ্ঠান শেষে বিজয়ী দলের হাতে পুরস্কার হিসেবে চ্যাম্পিয়ান ট্রফি ও এক লক্ষ টাকার প্রাইজ মানি এবং রানারআপ দলের হাতে রানারআপ ট্রফি ও পঞ্চাশ হাজার টাকা তুলে দেয়া হয়।

এর আগে বেলুন-ফেস্টুন উড়িয়ে ফাইনাল খেলার উদ্বোধন করেন বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ।

উল্লেখ্য যে, আট জুলাই থেকে শুরু হওয়া জেলা প্রশাসক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টে রাজশাহী জেলার ১০টি দল অংশগ্রহণ করে।

.......................................................

রুহুল/তৌহিদ/আতিক/স্মিতা/হালিম/২০২৫/১৯:০০ঘ

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd